যুগান্তর

তারিখ: 04 SEP 2016
পৃষ্ঠা ৭ ৬ কলাম ৬

### নতুন হল নির্মাণ দাবি

# জবি শিক্ষার্থীদের আলটিমেটাম

**জবি প্রতিনিধি**

নতুন হল নির্মাণ ও পরিত্যক্ত কারাগারের জমি জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর ও সুস্পষ্ট ঘোষণা দেয়ার জন্য আগামী ১৮ সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয় প্রশাসন ও প্রধানমন্ত্রীকে সময় বেঁধে দিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। না হলে ১৯ সেপ্টেম্বর থেকে বৃহত্তর আন্দোলনে নামবে বলে জানিয়েছেন শিক্ষার্থীরা। শনিবার বিকাল ৪টায় ঢাকা রিপোর্টার্স ইউনিটি 'স্বাধীনতা' হলে এক গোলটেবিল বৈঠকে এসব সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এ সময় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সাংবাদিক, বুদ্ধিজীবী ও এলাকাবাসীসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন। চলমান দাবিকে সমর্থন জানিয়ে আগামী ১৫ সেপ্টেম্বর ৬৪ জেলার শিক্ষার্থীদের অভিভাবক ও সাধারণ মানুষ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আবাসিক সংকট নিরসনের দাবিতে মানববন্ধন করবেন। ঈদকে সামনে রেখে এর মধ্যে নতুন কোনো কর্মসূচি নেই বলে জানান তারা। আলোচনা সভায় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. তানজিম উদ্দিন খান, বিশিষ্ট অর্থনীতিবিদ ও শিক্ষক আনু মুহাম্মদ, ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া, শিক্ষাবিদ এএন রাশেদা, স্থপতি সাঈদা সুলতানা এ্যানী, ডাকসুর সাবেক জিএস ডা. মোশতাক আহমেদ, পুরান ঢাকাবাসীর পক্ষে সাংস্কৃতিক সংগঠক আবু তাহের বকুল, যশোর বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক অভিনু কিবরিয়া ইসলাম, সাংবাদিক রবিন আহসান, সাংবাদিক ওবায়দুল আল নোমান ও আন্দোলনরত শিক্ষার্থীরা।

**কর্মসূচি :** হলের দাবিকে সমর্থন জানিয়ে আগামী ১৫ সেপ্টেম্বর ৬৪ জেলার শিক্ষার্থীদের অভিভাবক ও সাধারণ মানুষ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আবাসিক সংকট নিরসনের দাবিতে মানববন্ধন করবেন বলে জানিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। এছাড়া আগামী ১৮ সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ও সরকারের প্রতি সময় বেঁধে দেয়া হল। এ সময়ের মধ্যে দাবি আদায়ে প্রধানমন্ত্রীর সুস্পষ্ট কোনো ঘোষণা না এলে আগামী ১৯ সেপ্টেম্বর থেকে বৃহত্তর আন্দোলন কর্মসূচি অনুষ্ঠিত হবে। শনিবার গোলটেবিল বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে এসব কর্মসূচি ঘোষণা করেন।